

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৭১(২০১৬-২০১৭)/২০১৮-১৯/

তারিখঃ ২১/০১/২০১৯ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুর রফিক, কর্মকর্তা, বিকেবি, ভাবকী বাজার শাখা, জামালপুর ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, হাজীপুর বাজার শাখায় পরিদর্শক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঙ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দূনীতিমূলক অপরাধের জন্য বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা নং-৩৫/১৬-১৭ রুজুপূর্বক অত্র বিভাগের ২৭.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৭১(২০১৬-২০১৭)/২০১৮-১৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু, তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছেন;

০৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা পূর্বক আপনাকে গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন। উক্ত সিদ্ধান্ত মোতাবেক অত্র বিভাগের ২২-০৩-২০১৮ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৭১(২০১৬-১৭)/২০১৭-২০১৮/৩৪৯৭ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল। আপনি ১৫-০৪-২০১৮ ইং তারিখে উহার জবাব দাখিল করিয়াছেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ আব্দুর রফিক আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও দূনীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষেপে, সেহেতু, কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ আব্দুর রফিক আপনার মাসিক বেতন হইতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা মূল বেতনের এক তৃতীয়াংশ হারে কর্তন করিয়া বিকেবি, হাজীপুর বাজার শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন। যদি আপনার চাকুরীকালে উল্লিখিত টাকা সম্পূর্ণরূপে কর্তন শেষ না হয়, তাহা হইলে অবশিষ্ট অনাদায়ী টাকা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে এককালীন কর্তন করিয়া বিকেবি, হাজীপুর বাজার শাখার আয় খাতে জমা করিবার জন্যও আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ আব্দুর রফিক (এ-৬৫০৩)
কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
ভাবকী বাজার শাখা, জামালপুর।


স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৩৭১(২০১৬-২০১৭)/২০১৮-১৯/

তারিখঃ ২১/০১/২০১৯ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করতঃ কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত রায়ের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, জামালপুর।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, জামালপুর।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, ভাবকী বাজার শাখা, জামালপুর। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ আব্দুর রফিক, এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১২। ব্যবস্থাপক, বিকেবি, হাজীপুর বাজার শাখা, জামালপুর।
- ১৩। নথি/ মহানথি / মূলনথি।


২০/০১/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক